



ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন Dhaka Customs Agents Association

ASSOCIATION BHABAN, 3/C, NEW BAILY ROAD, RAMNA, DHAKA, Bangladesh, Phone : 02222225942

Govt. Reg. No.-2960

CORPORATE OFFICE

3/C, New Baily Road

Ramna, Dhaka

Phone : 02222225942

PABX-48312757, 48317328

E-mail : dcaa.2009@gmail.com

Website : www.dcaadhaka.org

BRANCH OFFICE AIR FREIGHT UNIT OFFICE

C & F Bhaban

Hazrat Shahjalal Int'l Airport

Kurmitola, Dhaka-1230

CUSTOM HOUSE OFFICE

Custom House (1st Floor),

Kurmitola, Dhaka,

Tel : 8901240

ASYCUDA WORLD CONTROL ROOM

Custom House (G.F)

Hazrat Shahjalal Int'l Airport

Kurmitola, Dhaka

Phone: 8901242

ASYCUDA WORLD Help Desk

Custom House Area

Hazrat Shahjalal Int'l Airport

Kurmitola, Dhaka

Phone: 8901331

KAMALAPUR ICD OFFICE

Custom House, ICD,

Kamalapur, Dhaka-1000

Tel : 9336172, Fax : 48311584

SAVAR OFFICE

DEPZ Custom Office,

Ganakbari, Savar, Dhaka

Tel & Fax : 7789434

ADAMZEE OFFICE

Adamzee EPZ Custom Office,

Narayanganj

PANGAON OFFICE

Pangaon Custom House

Pangaon, Keranigonj

Dhaka

MUKTERPUR OFFICE

LC Station Munshigonj

প্রচারপত্র নং- ১০/২০২১

তারিখ : ০১/০৬/২০২১ইং

জরুরী বিজ্ঞপ্তি

সুপ্রিয় সদস্য,

আসসালামু আলাইকুম।

আপনারা অবগত আছেন যে, ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশনের গঠনতন্ত্র মোতাবেক এসোসিয়েশনভুক্ত সকল সদস্যবৃন্দকে মাসিক চাঁদাসহ সমুদয় সকল চাঁদা পরিশোধ করতে হবে। এক্ষেত্রে বিল অব এন্ট্রি বা শিপিং বিল শুদ্ধ কর্তৃপক্ষের নিকট দাখিলের পূর্বে এসোসিয়েশনের চাঁদা পরিশোধ করার বিধান রয়েছে। কিন্তু সাম্প্রতিক সময়ে গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, সম্মানিত সদস্যবৃন্দের কতিপয় কাস্টম সরকার/কর্মচারীগণ অত্র এসোসিয়েশনের চাঁদা নিয়মিতভাবে পরিশোধ করছেন না। আপনাদের সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, এসোসিয়েশনের রাজস্ব ঘাটতি রোধকল্পে বর্তমানে বিল অব এন্ট্রির বিপরীতে এসোসিয়েশনের চাঁদা কম্পিউটার জেনারেটেড মানি রিসিটের মাধ্যমে আদায় করা হচ্ছে। কিন্তু দেখা যাচ্ছে যে, বিভিন্ন প্রতিষ্ঠানের বিপরীতে বিল অব এন্ট্রির সংখ্যা এসোসিয়েশনের সার্ভিস চার্জ/চাঁদা পরিশোধ না করার ফলে সফটওয়্যারে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টের নামের বিপরীতে বকেয়া রয়েছে, যা গঠনতন্ত্র পরিপন্থি কর্মকান্ড বলে প্রতীয়মান। তাই সকল ধরনের বকেয়া টাকা পরিশোধ করার পাশাপাশি এসোসিয়েশনের কাউন্টার থেকে মানি রশিদ ও সীল মোহর গ্রহণ পূর্বক আপনার সমুদয় পাওনাদি হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, অত্র এসোসিয়েশনের স্বার্থে কম্পিউটার জেনারেটেড মানি রিসিট ও সীল মোহর ব্যতিরেকে বিল অব এন্ট্রির শুদ্ধ আনুষ্ঠানিকতা সম্পন্ন করা থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো। ইতোমধ্যে এসোসিয়েশনের রাজস্ব ঘাটতি রোধকল্পে বিল অব এন্ট্রি চেকিং করার জন্য লোকবল পদস্থ করা হয়েছে। এ ব্যাপারে সম্মানিত সদস্যবৃন্দের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

বিল অব এন্ট্রির বিপরীতে কম্পিউটার জেনারেটেড মানি রিসিট ও সীল মোহর বিহীন বি/ই পাওয়া গেলে প্রতিটি বি/ই এর বিপরীতে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট প্রতিষ্ঠানকে ২,০০০/- (দুই হাজার) টাকা হারে জরিমানা প্রদান করতে হবে। এখানে আরো উল্লেখ্য, এসোসিয়েশনের কম্পিউটার জেনারেটেড মানি রিসিট ও সীল মোহর বিহীন বিল অব এন্ট্রি (বি/ই) অথবা শিপিং বিল কোন সদস্য/ব্যক্তি এসোসিয়েশনের নিকট ডকুমেন্টস্ হস্তান্তর করতে পারলে তাকে প্রতি বি/ই অথবা শিপিং বিল এর বিপরীতে ৫০০ (পাঁচশত) টাকা হারে পুরস্কার প্রদান করা হবে। এ ব্যাপারে সম্মানিত সকল সদস্যদের সহযোগিতা বিশেষভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,

(মোঃ খায়রুল্লাহ বাশার)

সাধারণ সম্পাদক

ফোন : ০১৭১৩-০৩৩৯৯৯